দৈনিক ইনকিলাব

তারিখ 22 NOV 2006
পৃষ্ঠা ২২ কলাম ৬

কর্মসূচী ঘোষণা

# শিক্ষকদের বেতন বন্ধের পাঁয়তারার পরিপত্র বাতিল করতে হবে

## -বেসরকারী প্রাঃ শিক্ষক সমিতি

স্টাফ রিপোর্টার ঃ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বলেছেন, ২৩ হাজার প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ২৫ হাজার শিক্ষকের বেতন বন্ধের পাঁয়তারা করে পরিপত্র জারি করা হয়েছে। আগামী ২৬ নভেম্বরের মধ্যে জারিকৃত পরিপত্র বাতিল না করলে ২৭ নভেম্বর বেলা ১২টায় রাজধানীর মুক্তাঙ্গনে শিক্ষক জমায়েত, ১টায় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টাকে স্মারকলিপি প্রদান, বিকেল ৪টা থেকে মুক্তাঙ্গনে ২৪ ঘন্টার অনশন কর্মসূচী পালন করা হবে। তারপরও পরিপত্র বাতিল না হলে অনশন কর্মসূচী থেকে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে। গতকাল (মঙ্গলবার) ঢাকার তোপখানা রোডস্থ সমিতি কার্যালয়ে আয়োজিত এক জরুরী সভায় এ কর্মসূচী ঘোষণা করা হয়। সমিতির সভাপতি মোহাম্মদ সামছুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- সমিতির সিনিয়র সহ-সভাপতি শহীদুল ইসলাম খান, মহাসচিব মৃগেন্দ্র মোহন সাহা, আবুল কালাম আজাদ, সাইফুল ইসলাম, স্বপন কুমার রায়, এম এ মান্নান প্রমুখ। সভায় শিক্ষক নেতৃবৃন্দ বলেন, প্রাথমিক গণশিক্ষা মন্ত্রণালয় থেকে শিক্ষকদের যোগ্যতা অর্জনের জন্য ১৮ নভেম্বর পর্যন্ত সময়সীমা বেঁধে দেয়া হয়েছিল। সরকারী আদেশের প্রেক্ষিতে অনুমতি পেয়ে বেসরকারী প্রাথমিক শিক্ষকদের সিএনএড প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বাকি শিক্ষকগণ পিটিআইএ